দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 13 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

## ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

ডাক, টিএণ্ডটি, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বে-সামরিক খাত হইতে বেতন গ্রহণকারী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড সরকারী

(৯ম পৃঃ দ্রঃ)

### ৩য় ও ৪র্থ শ্রেণীর

(৩য় পৃঃ পর)

কর্মচারীদের নিকট হইতে তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইয়াছে। ২৮ এপ্রিলের মধ্যে এই আবেদন সংশ্লিষ্ট অফিসে প্রেরণ করিতে হইবে। কন্টিনজেন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যাহারা একনাগাড়ে ৫ বছর বা তদুর্ধ্বকাল চাকুরীতে নিয়োজিত আছেন তাহারাও তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন। আবেদনকারীকে সম্প্রতি তোলা ছবি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করিতে হইবে এবং ছবিটি অফিস প্রধান কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

উপরোক্ত শ্রেণীর কর্মচারিগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করিতে পারিবেন। তবে তাহাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০ নম্বর থাকিতে হইবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করিয়া আগামী ২৮ এপ্রিলের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে উহার ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হইলে তাহা অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

কর্মচারিগণ যাহাতে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করিতে পারে সেজন্য পরিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা নেওয়া হইয়াছে।

কর্মচারিগণ স্ব-স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিয়া পরিদপ্তরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস হইতে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে ৪ টাকার ডাকটিকিট যুক্ত ঠিকানা সম্বলিত ১০"×৫" সাইজের খাম প্রেরণ পূর্বক এ ফরম সংগ্রহ করিতে পারিবেন।

যে সমস্ত ঠিকানায় আবেদন পাঠাইতে হইবে তাহা হইল : পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (১১তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০, উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ১ম-১২তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিভাগীয় অফিসসমূহের ঠিকানা উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম (চট্টগ্রাম ও সিলেট বিভাগের জন্য), উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা, উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী এবং উপ-পরিচালক, সরকারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সদর হাসপাতাল ভবন, বরিশাল [illegible] তথ্য বিবরণী।